

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১২, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ১১ই মে ২০০২/২৮শে বৈশাখ ১৪০৯

এস,আর,ও নং ৯৩-আইন/২০০২—যেহেতু সরকার জামালপুর জেলার অধীন হাজরাবাড়ী মিউনিসিপ্যালিটি বাতিল করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ বাতিলের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য জামালপুর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত মিউনিসিপ্যালিটি বাতিলের পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত হাজরাবাড়ী মিউনিসিপ্যালিটি বাতিল করার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a) এবং উক্ত Rules এর rule 5, General Clauses Act, 1897 (X of 1897) এর section 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত "হাজরাবাড়ী মিউনিসিপ্যালিটি" (পৌর এলাকা) ঘোষণা সংক্রান্ত ১৯শে আষাঢ়, ১৪০৮ বাংলা মোতাবেক ৩রা জুলাই, ২০০১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৭৮ আইন/২০০১, এতদ্বারা বাতিল করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার  
উপ-সচিব (পৌর)।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

( ২২০৯ )

মূল্য : টাকা ১.০০